ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৫৬৫
খোয়াই, ৪ নভেম্বর, ২০২৫

**খোয়াই জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে সম্প্রতি জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি হরিশঙ্কর পাল। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত), সহকারী সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, সদস্য রতন কুমার দাস, রঞ্জিত কুমার সরকার, সদস্যা বিজয়েতা দেববর্মা, সোমা দেবনাথ প্রমুখ। সভায় স্থায়ী কমিটির সভাপতি হরিশঙ্কর পাল আলোচনায় অংশ নিয়ে রাজ্যের উন্নয়নে বিভিন্ন দপ্তরকে পরস্পরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার আহ্বান জানান। তিনি এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের নির্বাহী বাস্তুকার জানান, জেলা শিল্প কার্যালয়ের মাধ্যমে ১০০ জন বেকার যুবক-যুবতীকে প্লামবার ও ইলেকট্রিশিয়ান বিষয়ে ১৪ দিনের প্রশিক্ষন দেওয়া হবে। খোয়াই কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রতিনিধি জানান, খোয়াই জেলার মোট ৩০০ জন কৃষককে ন্যাচারেল এগ্রি ফার্মিং -এর উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সভায় সেরিকালচার গণকী ক্লাস্টারের প্রতিনিধি জানান, খোয়াই জেলার বিভিন্ন এলাকার ৪০ জন তুঁতচাষীকে এবছর তাদের নিজেদের জমিতে তুঁত চাষে অন্তর্ভূক্ত করা হবে।

*****